উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

তারিখঃ ০৮/১১/২০২১ খ্রিঃ

<u>নোটিশ</u>

আগামী ১১/১১/২০২১ খ্রিঃ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটির দ্বিতীয় মাসিক সভা উপজেলা পরিষদ সভাকক্ষে সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন মোঃ আব্দুর রব (রাজু) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর কুড়িগ্রাম।

উপজেলা কমিটির সকল সদস্যদের নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচীঃ

১। গত সভার রেজুলেশন অনুমোদন।

২। বিভিন্ন স্কুলে আসবাব পত্র ও ওয়াশ ব্লক নির্মাণ ।

৩। বিবিধ।

সদস্য সচিব
মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি (স্থায়ী কমিটি)
উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

অনুলিপিঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

২। সকল সদস্য- উপজেলা কমিটি, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

৫। অফিস কপি।

# উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

## মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটির (স্থায়ী কমিটি) সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি: | মোঃ আব্দুর রব (রাজু)<br>ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদও, কুড়িগ্রাম। |
| স্থান : | উপজেলা পরিষদ, সভাকক্ষ। |
| তারিখ: | ১১ নভেম্বর ২০২১ ইং, দুপুর ২.০০ ঘটিকা। |
| সভায় উপস্থিত সদস্যদের হাজিরা: | পৃথক রেজিস্টারে সংরক্ষিত। |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। অত:পর সভার আলোচ্য সুচী অনুযায়ী নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১নং আলোচ্য বিষয়: গত সভার কার্যবিবরণী অনুমোদন।
সিদ্ধান্ত: গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়, কোন প্রকার সংযোজন ছাড়া অনুমোদন করা হয়।

২নং আলোচ্য বিষয়: সুষ্টু ভাবে পাঠদানের জন্য স্কুলে বেঞ্চ সরবরাহ প্রসংঙ্গে।
কুড়িগ্রাম সদর উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে ছাত্র-ছাত্রী সংখ্যা অনুপাতে বেঞ্চ এর পরিমান কম তাই এক বেঞ্চে তিন চার জন ছাত্র-ছাত্রীকে এক সাথে বসিয়ে ক্লাস করাতে হয়। এতে করে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার ব্যাঘাত ঘটছে। তার মধ্যে উল্লেখ যোগ্য শিক্ষা প্রতিষ্ঠান গুলো হল।

১) হরিশ্বর উচ্চ বিদ্যালয় ২) মধ্যকুমরপুর এম.এল হাই স্কুল ৩) মোগলবাসা দ্বি-মূখী উচ্চ বিদ্যালয়, ৪) জোতগোবর্দ্ধন আবু হোসেন সিদ্দিকিয়া দাখিল মাদ্‌রাসা।

সিদ্ধান্ত: উক্ত শিক্ষা প্রতিষ্টান গুলোতে উপজেলা পরিষদের যে কোন প্রকল্প থেকে ৫০ সেট করে উচু-নচু বেঞ্চ সরবরাহ করার প্রকল্প গ্রহনের জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় বিষয়টি উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৩নং আলোচ্য বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশ ব্লক নির্মাণ প্রসংঙ্গে।
কুড়িগ্রাম সদর উপজেলার ঘোগাদহ ঈদগাহ ওসমানিয়া দাখিল মাদ্‌রাসা এবং মরাটারী মহিউচ্ছুন্নাত দাখিল মাদ্‌রাসায় ৪৪১ জন ছাত্রী ও ৪৫০ জন ছাত্র মোট ৯৯১ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে, কিন্তু সেখানে কোন ওয়াশ ব্লক নাই। জরুরী ভীত্তিতে একটি ওয়াশ ব্লক নির্মান করা প্রয়োজন।

সিদ্ধান্ত: তাই উপজেলার উন্নয়ন তহবিল অথবা যে কোন উন্নয়ন প্রকল্প থেকে উক্ত শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে একটি করে ওয়াশ ব্লক নির্মানের প্রস্তাব উপজেলা পরিষদে পঠানোর সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

৩নং আলোচ্য বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেনীকক্ষ নির্মাণ প্রসংঙ্গে।

কুড়িগ্রাম সদর উপজেলার ভোগডাঙ্গা সরকারপাড়া সাদেকীয়া দাখিল মাদ্রাসায় ৩৬৩ জন ছাত্র- ছাত্রী অধ্যয়ন করছে। কিন্তু শ্রেনী কক্ষের অভাবে অনেক সময় ক্লাস করান সম্ভব হয় না। তাই জরুরী ভীত্তিতে একটি নতুন ক্লাসরুম নির্মান করা প্রয়োজন।

সিদ্ধান্ত: তাই উপজেলার উন্নয়ন তহবিল অথবা যে কোন উন্নয়ন প্রকল্প থেকে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে একটি নতুন ক্লাসরুম নির্মানের প্রস্তাব উপজেলা পরিষদে পঠানোর সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

৪নং বিবিধ বিষয় আর আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

মো: আব্দুর রব (রাজু)
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর।
ও
সভাপতি
মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি (স্থায়ী কমিটি)
উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর।

তারিখ:

মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,
উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর।
ও
সদস্য সচিব
মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি (স্থায়ী কমিটি)
উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর।

তারিখ:

অনুলিপি:

১) উপ-পরিচালক (স্থানীয় সরকার), কুড়িগ্রাম।
২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর।
৩) উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর।
৪) অফিস কপি।

পরিশিষ্ঠ "ক"

উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি (স্থায়ী কমিটি) সভায় উপস্থিতির স্বাক্ষর

তারিখ: ১১/১১/২০২১ খ্রিঃ

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম ।

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মো: আব্দুর রব (রাজু) | ভাইস চেয়ারম্যান | [signature] |
| ২ | মো: সাইদুর রহমান | চেয়ারম্যান (ঘোগাদহ) | [signature] |
| ৩ | জনাব আলহাজ্ব নুরবখত | অধ্যক্ষ কুড়িগ্রাম কামিল আলিয়া মাদ্রাসা | [signature] |
| ৪ | জনাব কাজী ইমদাদুল হক | প্রধান শিক্ষক [illegible] উচ্চ বিদ্যালয় | [signature] |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | | [signature] |